



সাংবাদিক সায়েরের অভিযোগ ফয়েজের নির্দেশে গভীর রাতে সাংবাদিককে তুলে নেয় ডিবি



সংগৃহীত ছবি

রাজধানীর নতুন বাড্ডায় নিজ বাসা থেকে গভীর রাতে সাংবাদিক মিজানুর রহমান সোহেলকে তুলে নিয়ে গেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। মঙ্গলবার (১৯ নভেম্বর) রাত প্রায় ১২টার দিকে ডিবির পরিচয় দেওয়া একদল সদস্য তাকে বাসা থেকে নিয়ে যায় বলে পরিবার জানায়। এই ঘটনায় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ফয়েজ আহমেদ এর সরাসরি নির্দেশ দিয়েছেন বলে অভিযোগ করেন আল জাজিরার অনুসন্ধানী সাংবাদিক জুলকার নায়েন সায়ের। সামাজিক যোগাযোগ মাধ্যমে তিনি এক পোস্টে তুলে ধরেন।

সোহেল দৈনিক ভোরের কাগজ—এর অনলাইন বিভাগের প্রধান এবং অনলাইন এডিটরস অ্যালায়েন্সের সেক্রেটারি হিসেবে দায়িত্ব পালন করছেন।

ঘটনার পর বিষয়টি নিশ্চিত করতে গণমাধ্যম ডিবি প্রধান অতিরিক্ত কমিশনার শফিকুল ইসলামের সঙ্গে যোগাযোগ করলে তিনি সোহেলকে ডিবি কার্যালয়ে নিয়ে আসার কথা স্বীকার করেন। কেন গভীর রাতে তাকে নেওয়া হলো—এমন প্রশ্নে তিনি জানান, “সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতেই তাকে জিজ্ঞাসাবাদের জন্য আনা হয়েছে।”

পরিবারের দাবি, সোহেলকে নিয়ে যাওয়ার মুহূর্তে আশরাফুল নামে এক পুলিশ সদস্য সোহেলের স্ত্রীকে বলেন, ডিবি প্রধান তার সঙ্গে কথা বলতে চান এবং কথা শেষ হলে তাকে বাসায় ফিরিয়ে দেওয়া হবে।